## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬ ও ২০তম ফ্লোর)
১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

তারিখঃ ২৯ আগস্ট, ২০০৭ইং

## বিজ্ঞপ্তি

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এ নিম্নোক্ত প্রস্তাবিত সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

প্রস্তাবিত সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি উহা সংবাদপত্রে প্রকাশিত হইবার দুই সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬ ও ২০ তলা)
১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

### প্রস্তাবিত সংশোধনী

১। ফরম 'ক' মার্চেন্ট ব্যাংকার সার্টিফিকেট এর আবেদন ([বিধি] ৪ দ্রষ্টব্য) এর অনুচ্ছেদ ৪ এর (ঘ) এর নিম্নোক্ত বাক্য যথা, "লিমিটেড কোম্পানী------ প্রাইভেট/পাবলিক, আন-লিমিটেড কোম্পানী, অংশীদারী কারবার, ব্যক্তিমালিকানাধীন কারবার এবং অন্যান্য।", "আবেদনকারী" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

২। ফরম 'গ' পোর্টফোলিও ম্যানেজার-এর সার্টিফিকেট এর আবেদনপত্র ([বিধি] ১৭ দ্রষ্টব্য) এর অনুচ্ছেদ ৪ এর (ঘ) এর নিম্নোক্ত বাক্য যথা, "লিমিটেড কোম্পানী প্রাইভেট/পাবলিক, আন-লিমিটেড কোম্পানী, অংশীদারী প্রতিষ্ঠান, ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠান এবং অন্যান্য।", "আবেদনকারী" শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৩। ফরম 'ক' মার্চেন্ট ব্যাংকার সার্টিফিকেট এর আবেদন ([বিধি]) ৪ দ্রষ্টব্য) অনুচ্ছেদ ৪ এর (ঙ) (ছ) এ উল্লিখিত অংশীদার/মালিক, ফার্ম, শব্দসমূহ এবং অনুচ্ছেদ ১৮ এর নোট এর ১ এবং ২ বিলুপ্ত হইবে।

ফরম 'ক' মার্চেন্ট ব্যাংকার সার্টিফিকেট এর আবেদন ([বিধি]) ৪ দ্রষ্টব্য) এর ঘোষণাপত্রের প্রথম অংশে উল্লিখিত "দুইজন অংশীদার বা ব্যক্তি মালিক" এবং ঘোষণাপত্রের শেষ অংশে উল্লিখিত "অংশীদার অথবা ব্যক্তি মালিক" শব্দসমূহ বিলুপ্ত হইবে।

৪। ফরম 'গ' পোর্টফোলিও ম্যানেজার-এর সার্টিফিকেট এর আবেদনপত্র ([বিধি] ১৭ দ্রষ্টব্য) অনুচ্ছেদ ৪ এর (ঙ) (চ) এ উল্লিখিত অংশীদার/মালিক, ফার্ম, শব্দসমূহ এবং অনুচ্ছেদ ৭ এর নোট এর ১ এবং ২ বিলুপ্ত হইবে।

ফরম 'গ' পোর্টফোলিও ম্যানেজার-এর সার্টিফিকেট এর আবেদনপত্র ([বিধি] ১৭ দ্রষ্টব্য) এর ঘোষণাপত্রের প্রথম অংশে উল্লিখিত "দুইজন অংশীদার বা ব্যক্তি মালিক" এবং ঘোষণাপত্রের শেষ অংশে উল্লিখিত "অংশীদার অথবা ব্যক্তি মালিক" শব্দসমূহ বিলুপ্ত হইবে।

৫। বিধি ২ উপ-বিধি (১) এর (ঝ) এ উল্লিখিত "অংশীদারী কারবার বা অন্য কোন শ্রেণীর প্রতিষ্ঠান" শব্দসমূহ "কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান" শব্দসমূহ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৬। বিধি ৩ এর পরে নতুন বিধি ৩ ক নিম্নোক্তভাবে সংযুক্ত হইবে যথা,-

৩ ক। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।- (১) কোন মার্চেন্ট ব্যাংকার এর দরখাস্ত নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি,-

(ক) উহা কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা বা কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান না হয়;

(খ) উহার পরিশোধিত মূলধন ১০ (দশ) কোটি টাকা এবং সার্বক্ষনিক নীট সম্পদ পরিশোধিত মূলধনের অন্ততঃ শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ না হয়;

তবে শর্ত থাকে যে,

(অ) একজন আবেদনকারী, অবলেখন (আন্ডাররাইটিং) ব্যতীত কোন ইস্যু ব্যবস্থাপনায় যে নিয়োজিত হইতে আগ্রহী, তাহার ন্যূনতম ২ (দুই) কোটি টাকার মূলধন থাকিতে হইবে।

(আ) একজন আবেদনকারী, যে ইস্যু অবলেখন (আন্ডাররাইটিং) করিতে আগ্রহী, তাহার ন্যূনতম ৫ (পাঁচ) কোটি টাকার মূলধন থাকিতে হইবে।

(ই) পোর্টফোলিও ব্যবস্থাপনা, ইস্যু ব্যবস্থাপনা এবং অবলেখন (আন্ডাররাইটিং) করিতে আগ্রহী কোন আবেদনকারীর ন্যূনতম সর্বমোট ১০ (দশ) কোটি টাকার মূলধন থাকিতে হইবে।

আরোও শর্ত থাকে যে, একজন মার্চেন্ট ব্যাংকার কোন সময়েই সর্বসাকুল্য তাহার মূলধনের পাঁচ গুণের বেশী অবলেখন (আন্ডাররাইটিং) করিতে পারিবে না। সেই সাথে একজন মার্চেন্ট ব্যাংকার ইস্যু অবলেখন (আন্ডাররাইটিং ও পোর্টফোলিও তহবিল ব্যবস্থাপনা সমষ্ঠিগতভাবে কোন সময়েই মূলধনের পাঁচ গুণের বেশী করিবে না।

(গ) কমিশনের বিবেচনায় পুঁজিবাজার বা বিনিয়োগকারীদের স্বার্থে দরখাস্তটি বিবেচনার অবকাশ না থাকে।

অধিকন্ত এযাবৎ যারা মার্চেন্ট ব্যাংকার এর নিবন্ধন সনদ প্রাপ্ত হয়েছেন তাদেরকে এ সংশোধনী গেজেট আকারে প্রকাশনার ৬ (ছয়) মাসের মধ্যে উল্লিখিত বিধি ৩ক(১) এর (ক) এবং (খ) পরিপালন করিতে হইবে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি (১) এর বিধানাবলীর যে কোনটি যে কোন মার্চেন্ট ব্যাংকারের ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

৭। বিধি ৫ উপ-বিধি (১) এর (ঘ) এ উল্লিখিত "অংশীদারের" শব্দটি "পরিচালকের" শব্দটি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

৮। বিধি ৭ উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে যথা,-

"(২) উপ-বিধি (১) এর অধীন কমিশনের সিদ্ধান্ত প্রাপ্তির এক মাসের মধ্যে আবেদনকারী পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সার্টিফিকেট ফি বাবদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা এবং সার্টিফিকেটের প্রথম বাৎসরিক ফি বাবদ একই পদ্ধতিতে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা কমিশনে জমা করিবে।"

৯। বিধি ১০ উপ-বিধি (১) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে যথা,-

(১) এই [বিধিমালার] অধীন মঞ্জুরীকৃত প্রত্যেক মার্চেন্ট ব্যাংকার এর নিবন্ধন সার্টিফিকেটের বার্ষিক ফি বাবদ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হইবে যাহা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কমিশন বরাবরে জমা করিতে হইবে।

১০। বিধি ১৬ এর পরে নতুন বিধি ১৬ ক নিম্নোক্তভাবে সংযুক্ত হইবে যথা,-

১৬ ক। নিবন্ধন মঞ্জুরীর জন্য অযোগ্যতা।-(১) কোন পোর্টফোলিও ম্যানেজারের দরখাস্ত নিবন্ধন মঞ্জুরীর জন্য যোগ্য হইবে না যদি-

(ক) উহা কোম্পানী, সংবিধিবদ্ধ সংস্থা বা কমিশন কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান না হয়;

(খ) উহার পরিশোধিত মূলধন ৫ (পাঁচ) কোটি টাকা এবং সার্বক্ষনিক নীট সম্পদ পরিশোধিত মূলধনের অন্ততঃ শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ না হয়;

তবে শর্ত থাকে যে, পোর্টফোলিও ম্যানেজার কোন সময়েই তাহার মূলধনের পাঁচ গুণের বেশী পোর্টফোলিও তহবিল ব্যবস্থাপনা করিবে না।

(গ) কমিশনের বিবেচনায় পুঁজিবাজার বা বিনিয়োগকারীদের স্বার্থে দরখাস্তটি বিবেচনার অবকাশ না থাকে।

অধিকন্ত এযাবৎ যারা পোর্টফোলিও ম্যানেজারের নিবন্ধন সনদপ্রাপ্ত হয়েছেন তাদেরকে এ সংশোধনী গেজেট আকারে প্রকাশনার ৬ (ছয়) মাসের মধ্যে উল্লিখিত বিধি ১৬ক(১) এর (ক) এবং (খ) পরিপালন করিতে হইবে।

(২) কমিশন জনস্বার্থে উপ-বিধি(১) এর বিধানাবলীর যে কোনটি যে কোন পোর্টফোলিও ম্যানেজারের ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

১১। বিধি ১৮ এর (ঘ) এ উল্লিখিত "অংশীদারের" শব্দটি "পরিচালকের" শব্দটি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

১২। বিধি ২০ উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে যথা,-

"(২) উপ-বিধি (১) এর অধীন কমিশনের সিদ্ধান্তপ্রাপ্তির এক মাসের মধ্যে আবেদনকারী পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সার্টিফিকেট ফি বাবদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা এবং সার্টিফিকেটের প্রথম বাৎসরিক ফি বাবদ একই পদ্ধতিতে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা কমিশনে জমা করিবে।"

১৩। বিধি ২৪ উপ-বিধি (১) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে যথা,-

(১) এই [বিধিমালার] অধীন মঞ্জুরীকৃত প্রত্যেক পোর্টফোলিও নিবন্ধন সার্টিফিকেটের বার্ষিক ফি বাবদ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা হইবে যাহা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে কমিশন বরাবরে জমা করিতে হইবে।

জিডি-২৯৬৬

---

## Wanted

UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the Office of the Registrar, are invited from the Bangladesh nationals for appointment of 02 Lecturer (one permanent & one against leave vacancy of an Assistant Professor) in the Department of Mass Communication & Journalism in the Pay Scale of Tk 6800-325x7-9075-EB-365x11-13,090/-.

QUALIFICATIONS: Candidates must have first class either in Honours or in Master's degree or in both in Mass Communication & Journalism with at least second divisions in SSC & HSC examinations. If candidates with above qualifications are not available the conditions may be relaxed. Other qualifications being equal preference will be given to those who have M.Phil degree. Preference will be given to the candidates having professional experience in Print/Electronic Media.

Eight copies of application together with attested copies of certificates, testimonials and mark-sheets along with a Pay Order/Bank Draft of the value of Tk 300/- (three hundred) only, payable to the Registrar, should reach him on or before 23-09-2007. Candidates already in service must apply through proper channel.

GD-2975

---

## উপ-নির্বাচন কমিশনারের কার্যালয়

ঢাকা বিভাগ, ঢাকা
১ম ১২তলা সরকারি অফিস ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা

নং-উনিক, ঢাকা/প্রশাসন(খন্ড-৪)/৫(৩)/২০০৭/৬৭১ তারিখঃ ২৭-৮-২০০৭

### সরকারি অফিস ভবনের জন্য বাড়ি ভাড়া আবশ্যক

ঢাকা মহানগরীর মতিঝিল, সবুজবাগ, কোতয়ালী, সূত্রাপুর, ডেমরা ও লালবাগ এলাকার প্রধান সড়ক সংলগ্ন কমবেশী ৭,০০০ (সাত হাজার) বর্গফুটের একটি বাড়ি ভাড়া করা প্রয়োজন। ভাড়াকৃত বাড়িটিতে জেলা নির্বাচন অফিস-১ ও ২, ঢাকাসহ ইহার আওতাধীন ৬টি থানা নির্বাচন অফিস হিসেবে ব্যবহৃত হবে।

বাংলাদেশ সরকারের গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ নির্ধারিত হারে বাড়ি ভাড়া দিতে আগ্রহী প্রকৃত মালিকগণকে এ বিজ্ঞপ্তি প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে বাড়ির মূল নক্সাসহ প্রার্থিত ভাড়া, অবস্থান, সুযোগ, সুবিধাদির বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট দুই কপি লিখিত প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

বিশ্বাস লুৎফর রহমান
উপ-নির্বাচন কমিশনার
ঢাকা-বিভাগ, ঢাকা
ফোনঃ ৮৩২২২৮৯

জিডি-৩০০৮

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাংলাদেশ কৃষি শুমারী -২০০৭ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৭ম তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭

### উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১) | প্রকল্পের নাম ও ঠিকানা | ঃ | বাংলাদেশ কৃষি শুমারি-২০০৭ প্রকল্প বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৭ম তলা), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ২) | অর্থের উৎস | ঃ | জিওবি। |
| ৩) | প্যাকেজ নম্বর | ঃ | ৪/২০০৭-২০০৮। |
| ৪) | দরপত্রের নাম | ঃ | স্টেশনারী দ্রব্যাদি ক্রয়। |
| ৫) | দরপত্রের নম্বর | ঃ | বিবিএস/বাঃকৃঃশুঃ-২০০৭/৫(৪)/ক্রয়/২০০৭-৩৪ তাং-২৮/০৮/২০০৭। |
| ৬) | দরদাতার যোগ্যতা | ঃ | স্ব স্ব বিষয়ে অভিজ্ঞ প্রতিষ্ঠান/এজেন্ট/সরবরাহকারী যাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, টিআইএন সনদপত্র আছে। |
| ৭) | দরপত্র দলিল বিক্রয়ের তারিখ ও সময় | ঃ | ২৭ সেপ্টেম্বর ২০০৭ পর্যন্ত প্রতি কার্যদিবসে বেলা ১২.০০ ঘটিকা হতে ১৫.০০ ঘটিকা পর্যন্ত। |
| ৮) | দরপত্র দলিল প্রাপ্তি, দাখিল ও খোলার স্থান | ঃ | বাংলাদেশ কৃষি শুমারি-২০০৭ প্রকল্প বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৭ম তলা), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৯) | দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ঃ | ২৭ সেপ্টেম্বর ২০০৭ বেলা ১৫.০০ ঘটিকা। |
| ১০) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ঃ | ৩০ সেপ্টেম্বর ২০০৭ বেলা ১৩.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১) | দরপত্র খোলার তারিখ ও সময় | ঃ | ৩০ সেপ্টেম্বর ২০০৭ বেলা ১৪.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১২) | দরপত্র সিডিউলের মূল্য | ঃ | টাঃ ৭৫০/০০ (সাতশত পঞ্চাশ) মাত্র (অফেরতযোগ্য)। |
| ১৩) | জামানতের পরিমাণ | ঃ | টাঃ ৫,০০,০০০/০০ (পাঁচ লক্ষ) মাত্র, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। |
| ১৪) | বিশেষ দ্রষ্টব্যঃ<br>ক) দরপত্র দাখিল অথবা খোলার দিন যদি সরকারি ছুটি থাকে তবে পরবর্তী কর্মদিবসের একই সময় দরপত্র দাখিল এবং খোলার সময় হিসেবে গণ্য হবে।<br>খ) আলোচ্য দরপত্র সম্পর্কে কোন প্রকার সংশোধণী থাকলে তা পরিসংখ্যান ভবনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।<br>গ) বাজেটে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।<br>ঘ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।<br>ঙ) আলোচ্য দরপত্র The Public Procurement Regulation-2003 এর Open Tendering Method মোতাবেক পরিচালিত হবে। | | |

এ এম সাইদুর রহমান
প্রকল্প পরিচালক
ফোনঃ ৯১১৪৯১০

জিডি-২৯৮৩

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট হাসপাতাল
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং এনআইসিভিডি/প্রশাসন/এমএসআর (রাজস্ব) ২০০৭-২০০৮/৪১১২ তারিখঃ ২৯/০৮/২০০৭ইং

### দরপত্র বিজ্ঞপ্তি

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর জন্য ২০০৭-২০০৮ইং অর্থ বৎসরে রাজস্বখাতে এমএসআর সামগ্রী ক্রয়ের নিমিত্তে প্রস্তুতকারক, প্রস্তুতকারক প্রতিষ্ঠানের স্থানীয় এজেন্ট, প্রকৃত আমদানীকারক ও সরবরাহকারী ফার্মসমূহের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক নং | বিবরণ | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | আর্নেস্টমানির পরিমাণ |
|---|---|---|---|
| ১। | গ্রুপ-১ ঔষধপত্র | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |
| ২। | গ্রুপ-২ গজ, ব্যান্ডেজ ও কটন | ৪০০/- (চারশত) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |
| ৩। | গ্রুপ-৩ লিনেন | ৪০০/- (চারশত) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |
| ৪। | গ্রুপ-৪ সার্জিক্যাল ইনস্ট্রুমেন্ট এন্ডডিসপোজেবল | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |
| ৫। | গ্রুপ-৫ কেমিক্যাল রি-এজেন্ট | ৪০০/- (চারশত) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |
| ৬। | গ্রুপ-৬ আসবাবপত্র ও কিচেন সামগ্রী | ৪০০/- (চারশত) টাকা মাত্র | উদ্ধৃত দরের ৫% |

দরপত্রদাতা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন করিলে উল্লেখিত নগদ মূল্যে দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক পত্রিকায় প্রকাশিত হওয়ার পর দিন হইতে ২৪/০৯/২০০৭ইং তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সকাল ১০.০০ ঘটিকা হইতে ১.০০ ঘটিকা পর্যন্ত) অত্র প্রতিষ্ঠানের ক্যাশিয়ারের নিকট দরপত্র সিডিউল পাওয়া যাইবে। দরপত্র আগামী ২৫/০৯/২০০৭ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকা হইতে ১২.৩০ ঘটিকা পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের পরিচালক ও অধ্যাপক এর কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে ফেলিতে হইবে এবং ঐ দিনই বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

অধ্যাপক একেএম মহিবুল্লাহ
পরিচালক ও অধ্যাপক

জিডি-২৯৮৯

---

## Government of the People's Republic of Bangladesh

Directorate of Land Records and Surveys
Tejgaon, Dhaka-1208

# Request for Expression of Interest (REOI)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

| | | |
|---|---|---|
| 1. | Ministry/Division | Ministry of Land. |
| 2. | Agency | Directorate of Land Records and Surveys (DLRS). |
| 3. | Procuring entity name | Directorate of Land Records and Surveys (DLRS). |
| 4. | Procuring entity code | Not used at present. |
| 5. | Procuring entity district | Dhaka. |
| 6. | Expression of interest for selection of | IT based laser printing firm including all relevant facilities. |
| 7. | EOI Ref. No. | Se. Pre. I/365/07/537. |
| 8. | Date | 29/08/2007. |
| **KEY INFORMATION** | | |
| 9. | Procurement method | Quality & Cost Based Selection (QCBS). |
| **FUNDING INFORMATION** | | |
| 10. | Budget and source of funds | Revenue Budget and GOB. |
| 11. | Development partners (if applicable) | Not applicable. |
| **PARTICULAR INFORMATION** | | |
| 12. | Project/programme code (if applicable) | Not applicable. |
| 13. | Project/programme name (if applicable) | Not applicable. |
| 14. | EOI closing date and time | 19/09/2007 at 2.00pm. |
| **INFORMATION FOR APPLICANT** | | |
| 15. | Brief description of assignment | Laser printing of approximate 20,00,000 (twenty lac) khatian [which may be 25,00,000 (twenty-five lac) after final printing], preparation of data base (software) in collaboration with existing data base of settlement press, trial, installation, collection of fair copy from settlement press, data entry (copying from fair copy), checking, editing, printing, counting, handover of khatian to respective settlement offices and supplying of prepared data base installed in a server which must be compatible to the existing computer set-up of settlement press along with a separate soft copy of data base and allied services. Details TORs are available in the procuring entity. The bidders are requested to collect it from the procuring entity before submitting their REOI. |
| 16. | Experience, resources and delivery capability required | 1. The bidder must be recognized IT firm/organization or ICT based laser printing firm having all relevant facilities, duly registered in Bangladesh & owned by Bangladeshi Citizen/National.<br>2. The bidder must be a duly registered [minimum 7 (seven) years old] firm having membership of BASIS/BCS. Registration certificate along with updated trade license and for the proprietorship concern, the firm must attach updated trade license along with last 7 (seven) years pervious record of the same.<br>3. The bidder should have experience in handling large volume data base preparation; and having experience in computer based khatian management should get preference.<br>4. The bidder must have experience of handling of minimum 1 crore characters of data entry, data processing and laser printing type of job under a single contract for any government/semi-government/foreign organization within their establishment.<br>5. The bidder must submit a copy of the following documents/evidences duly attested by a responsible officer of the directorate of land records and surveys:<br>• Updated trade license;<br>• Up-to-date income tax payment certificate with TIN;<br>• VAT registration certificate;<br>• Bank solvency certificate with last 12 (twelve) months bank statement;<br>• Audited balance sheet of last 2 (two) years.<br>• BASIS/BCS membership certificate;<br>• Company profile/brochure;<br>• Experience certificate/contract/work order.<br>6. The bidder must submit original money receipt of purchasing EOI schedule with the EOI submission document.<br>7. The bidder must submit detail list of infrastructure, equipment, facilities and security systems (including space, computer, server, laser printer, scanner, photocopier, data storage facilities, power back-up systems, binding equipments, etc.) that they plan to use for smooth operation of the contract. This should kept open for any type of visit by the procuring entity at any given time.<br>8. The bidder must submit a detail list of available human resources with them including their signed CVs with recent photographs and last academic and professional certificates. |
| 17. | Association with foreign firms is | Not applicable. |

| 18. | Phasing of services | Location | Indicative start date | Indicative completion date |
|---|---|---|---|---|
| | Preparation of data base in collaboration with existing data base of settlement press | Settlement press | 10/11/07 | 31/12/07 |
| | Data entry (copying from fair copy) checking, editing, printing | Vendors choice | 01/01/08 | 30/04/08 |
| | Counting, handover of khatian to settlement office | Respective settlement office | 01/03/08 | 15/05/08 |
| | Supplying of soft copy along with server to settlement press and allied services | Settlement press | 01/05/08 | 15/05/08 |

**PROCURING ENTITY DETAILS**

| | | |
|---|---|---|
| 19. | Name of official inviting EOI | Md. Mahfuzur Rahman. |
| 20. | Designation of official inviting EOI | Director General. |
| 21. | Address of official inviting EOI | Directorate of Land Records and Surveys (DLRS) 28, Shahid Tajuddin Ahmed Sarani, Tejgaon, Dhaka-1208. |
| 22. | Contact details (of official inviting EOI) | Tel: 8112380 (O), Fax: 8113260 (O). |
| 23. | The procuring entity reserves the right to accept or reject all EOI's. | |

**Md. Mahfuzur Rahman**
Director General
Directorate of Land Records & Surveys
28, Shahid Tajuddin Ahmed Sarani
Tejgaon, Dhaka-1208

GD-2995